
নির্বাহী প্রকৌশলীর দপ্তর
বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
পানি ভবন, লেভেল: ২, ব্লক: জি, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫
ফোন: ৮৮-০২-২২২২-৩০০৭০ ফ্যাক্স: ৮৮-০২-৯৫৫৭৩৮৬
ই-মেইল: ffwcbwdb@gmail.com ; ffwc05@yahoo.com
ওয়েবসাইট: www.ffwc.gov.bd

Office of The Executive Engineer
Flood Forecasting and Warning Centre
Bangladesh Water Development Board, Pani Bhaban (Level: 2, Block: G), 72 Green Road, Dhaka 1215
Phone : 88-02-2222-30070; Fax: 88-02-9557386
E-mail: ffwcbwdb@gmail.com ; ffwc05@yahoo.com
Website: www.ffwc.gov.bd



# বঙ্গোপসাগরে ঘূর্ণিঝড় "গুলাব" সম্পর্কিত প্রতিবেদন (২৬ সেপ্টেম্বর, ২০২১)

বাংলাদেশ ও ভারত আবহওয়া অধিদপ্তরের সর্বশেষ সকাল ৯ টার তথ্যমতে, উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর এবং তার সংলগ্ন পশ্চিম-মধ্য বঙ্গোপসাগরে অবস্থানরত ঘূর্ণিঝড় "গুলাব" পশ্চিম দিকে অগ্রসর হয়ে একই এলাকায় অবস্থান করছিল। এটি সকাল ৬ টায় চট্টগ্রাম সমুদ্র বন্দর থেকে আনুমানিক ৬৬৫ কিমি দক্ষিণ-দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্র বন্দর থেকে আনুমানিক ৬৩০ কিমি দক্ষিণ-দক্ষিণপশ্চিমে, মংলা সমুদ্র বন্দর থেকে আনুমানিক ৫২৫ কিমি দক্ষিণে, পায়রা সমুদ্র বন্দর থেকে আনুমানিক ৫৩০ কিমি দক্ষিণে, ভারতের অন্ধ্রপ্রদেশ উপকূল থেকে আনুমানিক ১৮০ কিমি পূর্ব-দক্ষিণ-পূর্বে এবং ভারতের উড়িশ্যা উপকূল থেকে আনুমানিক ২৪০ কিমি পূর্ব-উত্তর-পূর্বে বঙ্গোপসাগরে অবস্থান করছিল। এটি পশ্চিম দিকে অগ্রসর হয়ে আজ ২৬ সেপ্টেম্বর বিকাল নাগাদ ভারতের অন্ধ্রপ্রদেশ-উড়িশ্যা উপকূলে আঘাত হানতে পারে এবং মধ্যরাত নাগাদ উপকূল অতিক্রম করতে পারে। এর কেন্দ্রে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘন্টায় ৬২ কিমি যা ঝড়ো হাওয়ার আকারে ৮৮ কিমি পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে এটি ঘণ্টায় ১৭ কিমি বেগে পশ্চিম দিকে অগ্রসর হচ্ছে।

ঘূর্ণিঝড়ের প্রভাবে বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে মাঝারি থেকে ভারি বৃষ্টিপাত সংঘটিত হতে পারে।




চিত্র-১: ভারত আবহওয়া দপ্তরে হতে প্রাপ্ত, উপগ্রহ চিত্র (২৬/০৯/২০২১)




চিত্র-১: ভারত আবহওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত, ঘূর্ণিঝড় গুলাবের সম্ভাব্য গতিপথ (২৬/০৯/২০২১)

(মোঃ আরিফুজ্জামান ভূঁইয়া)
নির্বাহী প্রকৌশলী
বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র
বাপাউবো, ঢাকা